



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখ : ০৪ মাঘ ১৪২৮
১৮ জানুয়ারি ২০২২

প্রশাসনিক পরিপত্র নং- ০৪/২০২২

কোম্পানির নিজস্ব পত্রকোষ ব্যবস্থাপনা ও বিনিয়োগ হিসাবসমূহের পত্রকোষে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ ও দক্ষভাবে পরিচালনার সুবিধার্থে “পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি” নিয়োক্তভাবে পুনর্বিন্যাস করা হলোঃ

১.	অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেটিভ উইং)	আহ্বায়ক
২.	অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনাল উইং)	সদস্য
৩.	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ফাইন্যান্স ডিভিশন)	সদস্য
৪.	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস ডিভিশন ও মার্চেন্ডাইজিং ডিভিশন)	সদস্য
৫.	ডিপার্টমেন্ট প্রধান (ফাইন্যান্স এন্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট)	সদস্য
৬.	ডিপার্টমেন্ট প্রধান (পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট)	সদস্য-সচিব
৭.	ডিপার্টমেন্ট প্রধান (সিকিউরিটিজ অ্যানালাইসিস ডিপার্টমেন্ট (প্রস্তাবিত))	সদস্য
৮.	ডিপার্টমেন্ট প্রধান (ইনভেন্টরস ডিপার্টমেন্ট)	সদস্য

০২। কমিটির কার্যপরিধি:

- ১) কমিটি কোম্পানির নিজস্ব পত্রকোষ এবং বিনিয়োগ হিসাবসমূহে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের সুপারিশ প্রণয়নের লক্ষ্যে প্রতি কার্যদিবসে (লেনদেন দিবসে) সকাল ১০.২০ মিনিটের মধ্যে সভা করে প্রধান নির্বাহী কর্মকর্তা সঙ্গীপে সুপারিশ পেশ করবে;
- ২) মূলধনী মুনাফা ও লভ্যাংশ আয়ের ক্ষেত্রে বাংসরিক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কৌশলগত পরিকল্পনা গ্রহণ করবে;
- ৩) বিনিয়োগ সিদ্ধান্ত/সুপারিশ প্রণয়নের লক্ষ্যে সদস্যগণ স্টক এক্সচেঞ্চসমূহের তালিকাভুক্ত কোম্পানি/সিকিউরিটিজসমূহের প্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্যসমূহ (Financial Position, Statement of Profit or Loss and Other Comprehensive Income, Statement of Cash Flows, Statement of Changes in Equity, Dividend) সহ প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি, স্টক এক্সচেঞ্চের দৈনন্দিন লেনদেনের তথ্যাদি এবং বাজারের গতি-প্রকৃতি (Trend Analysis) বিশ্লেষণ করবে;

- ৪) প্রি-আইপিও, আইপিও, আরপিও, প্রেফারেন্স শেয়ার, রাইট শেয়ার এবং ডেট সিকিউরিটিজ ইস্যুতে নিজস্ব পত্রকোষে বিনিয়োগের ক্ষেত্রে কমিটি সংশ্লিষ্ট কোম্পানির আর্থিক অবস্থান বিশ্লেষণাত্মক প্রতিবেদন প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর উপস্থাপন করবে;
- ৫) কমিটি কোম্পানির সকল শাখা কার্যালয়ে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে; এবং
- ৬) সদস্য-সচিব সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় সংক্রান্ত রেজিষ্টার প্রাত্যহিক ভিত্তিতে কমিটির সকল সদস্যের স্বাক্ষরাত্মে প্রধান নির্বাহী কর্মকর্তা সমীপে পেশ করবেন।

০৩। ফাইন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টেন্স ডিপার্টমেন্ট দৈনন্দিন ভিত্তিতে তহবিলের অবস্থান সংক্রান্ত তথ্য পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি বরাবর প্রেরণ করবে।

০৪। সিকিউরিটিজ অ্যানালাইসিস ডিপার্টমেন্ট (প্রস্তাবিত) তালিকাভুক্ত কোম্পানি/সিকিউরিটিজসমূহের প্রকাশিত মূল্য, সংবেদনশীল তথ্যসহ অন্যান্য হালনাগাদ তথ্যাদি কমিটিকে সরবরাহ করবে।

০৫। অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেটিভ উইং) এর অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম কর্মকর্তা আহবায়ক এর দায়িত্ব পালন করবেন এবং পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট প্রধানের অনুপস্থিতিতে ডিপার্টমেন্টের জ্যেষ্ঠতম কর্মকর্তা সদস্য সচিব এর দায়িত্ব পালন করবেন। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে কো-অপ্ট (Co-opt) করতে পারবে।



(অসিত কুমার চক্ৰবৰ্তী)
প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ।
- ০৬। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।